গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি,কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা।

-৪০৮-

# জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন-২০১৫

| ক্রমিক নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ০১. | নিজ অফিসে সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনই সেবা কার্যক্রম | ১.১. রেজিষ্ট্রেশন প্রক্রিয়ার বিকেন্দ্রীকরণ। | সহকারী পরিচালক ( সকল) জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস | বিদেশগামী কর্মীদের হয়রানী ও প্রতারনা রোধ, অভিবাসনে প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যয় সাশ্রয় এবং দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান তথা জনগনের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে বিদেশ গমনেচ্ছুক কর্মীগনের জন্য সারা দেশ ব্যাপী রেজিষ্ট্রেশন কার্যক্রম নির্দিষ্ট সময় অন্তর ইউনিয়ন ডিজিটাল কেন্দ্রের ও নগর ডিজিটাল কেন্দ্রের মাধ্যমে প্রদান করা হচ্ছে ফলে বিদেশগামী কর্মীদের সময়, অর্থ ও ভিজিট হ্রাস করা সম্ভব হয়েছে। | নিজ নিজ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ইউনিয়ন ডিজিটাল কেন্দ্র ও নগর ডিজিটাল কেন্দ্রের মাধ্যমে এ রেজিষ্ট্রেশন সেবা চালু হওয়ায় দালাল ও মধ্যস্বত্তভোগীদের দ্বারস্থ না হওয়ায় স্বচ্ছ ও নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত কার্য সম্পাদনে সময়, অর্থ ও ভিজিট সাশ্রয় এবং হয়রানী হ্রাস পেয়েছে। |
| | | ১.২ জি টু জি পদ্ধতিতে মালয়েশিয়ায় গমনকারী কর্মীগণকে মোবাইলে তথ্য সেবা প্রদান। | জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী সহকারী পরিচালক, বিএমইটি। | জিটুজি পদ্ধতিতে মালয়েশিয়ায় কর্মী প্রেরনের ক্ষেত্রে বিএমইটি কর্তৃক ভিসা প্রাপ্ত কর্মীদেরকে এসএমএস এর মাধ্যমে তাদের পাসপোর্ট, অন্যান্য দলিলপত্র এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে অভিবাসন ব্যয় বাবদ অর্থের জমা দেয়ার তথ্যসহ ব্যুরোতে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হয় এবং এসএমএস এর মাধ্যমেই তাদের ফ্লাইট সিডিউল অবহিত করা হয়। এতে সময় ও অর্থের অপচয় মধ্যস্বত্তভোগীদের তৎপরতা হ্রাস করা সম্ভব হয়েছে। মাত্র সর্বোচ্চ ৩২,৫০০ টাকা অভিবাসন ব্যয়ে মালয়েশিয়ায় কর্মী প্রেরণ করা সম্ভব হয়েছে। | মোবাইলের মাধ্যমে জি টু জি পদ্ধতিতে কর্মীদেরকে ভিসা প্রাপ্তি হতে বহির্গমন ছাড়পত্র প্রদান পর্যন্ত সকল তথ্য মোবাইলের মাধ্যমে সরবরাহ করায় ব্যক্তি হয়রানী হ্রাস এবং সময় ও অর্থের অপচয় রোধ সম্ভব হয়েছে। |
| | | ১.৩ বিভাগীয় শহরের ডিইএমও সমূহের মাধ্যমে ফিংগার প্রিন্ট সেবা প্রদান | সহকারী পরিচালক ( সকল) জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/ কক্সবাজার | দেশের ০৩টি বিভাগীয় শহরের জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা, চট্টগ্রাম, সিলেট ছাড়াও কক্সবাজার, ডিইএমও এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্রের জন্য বাধ্যতামূলক ফিংগার প্রিন্ট গ্রহণ সেবা দেয়া হচ্ছে। বর্তমানে ডিইএমও, চট্টগ্রামের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র তথা স্মার্ট কার্ড প্রদানের ব্যবস্থা নেয়া হচ্ছে। পরবর্তীতে ডিইএমও, কুমিল্লাসহ পর্যায়ক্রমে অন্যান্য জেলাসমূহের মাধ্যমেও এ সেবা প্রদানের পরিকল্পনা রয়েছে। | ঢাকা ছাড়াও চট্টগ্রাম, সিলেট এবং কক্সবাজারের মাধ্যমে ফিংগার প্রিন্ট সেবা প্রদান করায় কর্মীগণের ব্যয়, সময় ও ভিজিট সাশ্রয় সম্ভব হচ্ছে। |
| | | ১.৪ওয়ান স্টপ সার্ভিস প্রদান | গোলাম মোস্তফা খান পরিচালক (বহির্গমন), যুগ্মসচিব বিএমইটি। | দক্ষ বা আধাদক্ষ ক্যাটাগরীতে ব্যক্তিগতভাবে ভিসা সংগ্রহকারী কর্মীগণ রিক্রুটিং এজেন্সীর দ্বারস্থ না হয়ে সরাসরি সেলফ্ ক্যাটাগরীতে ব্যুরোর One stop সার্ভিসের এর মাধ্যমে একদিনেই ছাড়পত্র গ্রহণ করতে পারেন। | One stop সার্ভিস চালু হওয়ায় তা অর্থ, সময় ও হয়রানী সবদিক থেকে সাশ্রয়ী। |
| | | ১.৫ অনলাইনে ভিসা চেকিং সুবিধা | গোলাম মোস্তফা খান পরিচালক (বহির্গমন),যুগ্মসচিব বিএমইটি। | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস সমূহের মাধ্যমে কাতার, সৌদীআরব,বাহরাইন, দুবাই ইত্যাদি দেশের ভিসা Online এ যাচাইয়ের সুবিধা প্রদান করা হয় | বিএমইটি'র ওয়েব সাইটে অনলাইন ভিসা চেকিং এর ক্ষেত্রে লিংকসমূহ সংযোজনের ফলে দেশের যেকোন প্রান্ত থেকে ইন্টারনেট সুবিধার মাধ্যমে ভিসা চেক করে সঠিকতা যাচাই করা সম্ভব হচ্ছে এবং মধ্যস্বত্বভোগীদের প্রতারণা হ্রাস পাচ্ছে। |
| ০২. | নিজ অফিসের অভ্যন্তরীণ সেবা সহজীকরণ | ইমেইল/ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে তথ্য আদান-প্রদান | জনাব আহমদ শামীম আল রাজী<br><br>পরিচালক (প্রশাসন ও অর্থ), | ব্যুরোর অনুশাখাসমূহ, অধীনস্থ দপ্তর, বিভিন্ন অফিস ও মন্ত্রণালয়ের সাথে পারস্পরিক যোগাযোগের ক্ষেত্রে ইমেইল/ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে তথ্য আদান-প্রদান করায় | ব্যুরোর অনুশাখাসমূহ, অধীনস্থ দপ্তর, বিভিন্ন অফিস ও মন্ত্রণালয়ের সাথে পারস্পরিক যোগাযোগের ক্ষেত্রে ইমেইল/ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে তথ্য আদান-প্রদানের ফলে সময়, অর্থ ও ভিজিট হ্রাস হয়ে দ্রুত কার্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | বিএমইটি। | দ্রুত কার্য সম্পাদন করা সম্ভব হচ্ছে। | সম্পাদন করা সম্ভব হচ্ছে। |
| ০৩. | ই সেবা কার্যক্রম | ৩.১স্ট্রেজিং সার্ভারের মাধ্যমে জিটুজি প্রক্রিয়ায় মালয়েশিয়াগামী কর্মীদের ডাটা প্রেরণ ও কর্মীদের কর্মসংস্থানসহ অন্যান্য যে কোন প্রয়োজনে ইন্টারনেট/অনলাইনে যোগাযোগের মাধ্যমে দ্রুত সমস্যার সমাধান করা। | জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী সহকারী পরিচালক, বিএমইটি। | ক) জিটুজি প্রক্রিয়ায় মালয়েশিয়াগামী কর্মীদের তথ্যসম্বলিত টেক্সট ডাটা ও ইমেজ মালয়েশিয়া সরকারের নিকট প্রেরণ করা হয়।<br><br>খ) মালয়েশিয়ায় কর্মীদের কর্মসংস্থানসহ অন্যান্য যে কোন প্রয়োজনে ইন্টারনেট/অনলাইনে মালয়েশিয়া সরকার/ বাংলাদেশ দূতাবাসের সাথে ইমেইল/ভাইবার/হোয়াটসঅ্যাপ প্রভৃতি যোগাযোগের মাধ্যমে জেনে তা সমাধানে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ। | তথ্যপ্রযুক্তি নির্ভর যোগাযোগের মাধ্যম ব্যবহারের ফলে জিটুজি প্রক্রিয়ায় মালয়েশিয়াগামী কর্মীদের দালাল ও মধ্যস্বত্তভোগীদের দ্বারস্থ না হওয়ায় স্বচ্ছ ও নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত কার্য সম্পাদনে সময়, অর্থ ও ভিজিট সাশ্রয় এবং হয়রানী হ্রাস পেয়েছে।<br><br>এছাড়া, ইন্টারনেট/অনলাইনে মালয়েশিয়া সরকার/ বাংলাদেশ দূতাবাসের সাথে ইমেইল/ভাইবার/হোয়াটসঅ্যাপ প্রভৃতি যোগাযোগের মাধ্যম ব্যবহারের ফলে দাপ্তরিক সেবা প্রদান দ্রুত ও সহজতর হয়েছে। |
| | | ৩.২অনলাইনে অভিযোগ গ্রহণ | জনাব মোঃ তাজুল ইসলাম পরিচালক (কর্মসংস্থান), বিএমইটি। | বিদেশগমনেচ্ছু ও প্রতারিত কর্মী যে কোন প্রতারণা, দেশে বা বিদেশে সমস্যার সম্মুখীন হলে ইন্টারনেটের মাধ্যমে বিএমইটির ওয়েবসাইটে (www.ovijogbmet.org) অভিযোগ দাখিল করলে অভিযোগকারী একটি অটোজেনারেটর টেকিং নম্বর পান এই নম্বর দিয়ে তিনি ধাপে ধাপে অভিযোগ তদন্ত ও প্রতিকারের বিষয় অনলাইনেই জানতে পারেন | অনলাইনে অভিযোগ দাখিলের সুযোগ থাকায় প্রতারিত কর্মীদের সময়, অর্থ ও ভিজিট হ্রাস পেয়েছে। |
| | | ৩.৩অনলাইনে সৌদি আরব গমনেচ্ছু মহিলা গৃহকর্মী নির্বাচন। | | সৌদি আরবে মহিলা গৃহকর্মী সম্পুর্ণ অনলাইন পদ্ধতিতে প্রেরণ করা হচ্ছে। মুসানেদ পদ্ধতিতে সৌদি আরবস্থ সকল রি/এ এবং বাংলাদেশস্থ রি/এ, ভিসা, মেডিকেল সার্টিফিকেট সিস্টেমে অন্তর্ভুক্ত। ফলে কর্মী সৌদি আরবে গিয়ে কোন সমস্যায় পড়লে অনলাইনে ট্র্যাক করে সমস্যা সমাধান সহজতর হচ্ছে। | অনলাইনে মহিলা গৃহকর্মী নির্বাচন ও ভিসা প্রক্রিয়াকরণ সহজতর হওয়ায় সৌদি আরবে বিনা অভিবাসন ব্যয়ে, স্বচ্ছ ও নিরাপদ প্রক্রিয়ায় হয়রানীমুক্তভাবে মহিলা গৃহকর্মী প্রেরণ করা সম্ভব হচ্ছে এবং সেদেশে যাওয়ার পর কোন সমস্যায় পড়লে তার দায়িত্ব কার উপর বর্তায় তা নির্ধারণ করে সমস্যা সমাধান করা সহজতর হয়েছে। |
| ০৪. | | ই-লার্নিং প্লাটফর্ম ফর মাইগ্রেন্ট ওয়ার্কার | অধ্যক্ষ প্রকৌশলী মোঃ সাকাওয়াৎ আলী, বাংলাদেশ-কোরিয়া টিটিসি, ঢাকা | অভিবাসনে গমনেচ্ছু মহিলা গৃহকর্মীদের মোবাইলে content/apps ব্যবহারের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিসহ ব্রিফিং ও প্রশিক্ষণ প্রদান। | Training duration কমে যাবে। pedagogical part এ Physical visit ছাড়াই e-learning হবে। Time, Cost & Visit কমবে। |
| ০৫. | ইনোভেশন পন্থা উদ্ভাবন ও সেবা সহজীকরণ প্রশিক্ষণ | বিএমইটির ১৫ জন কর্মকর্তাকে নিয়ে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন। | জনাব মোঃ তাজুল ইসলাম মেন্টর ও পরিচালক (কর্মসংস্থান) | বিএমইটি ও অধীনস্থ অফিসের ১৫ জন কর্মকর্তাকে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।<br><br>সেবা সহজীকরণ বা সেবায় উদ্ভাবনীমূলক প্রক্রিয়া উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার বিষয়টির গুরুত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অবহিত হয়েছেন যা ভবিষ্যতে এতদবিষয়ক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে কর্মকর্তাদের উদ্বুদ্ধ করবে। | সেবা সহজীকরণ বা সেবায় উদ্ভাবনীমূলক প্রক্রিয়া উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার বিষয়টির গুরুত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অবহিত হয়েছেন যা ভবিষ্যতে এতদবিষয়ক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে কর্মকর্তাদের উদ্বুদ্ধ করবে। |

২৩/২/১৬

(বেগম শামছুন নাহার)
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
Email-dg@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।

-৪২৮-

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন-২০১৫

| ক্রমিক নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|
| | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০১। | প্রবাসে মৃত কর্মীর পরিবারের সদস্যদের মধ্যে আর্থিক অনুদান/বকেয়া বেতন/ ক্ষতিপূরণের অর্থ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ। | জানুয়রি ২০১৫ | ডিসেম্বর ২০১৫ | জনাব মোঃ সফিকুল ইসলাম<br>উপসচিব<br>পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ১। আর্থিক অনুদান/ ক্ষতিপুরণ/ বকেয়া বেতন প্রাপ্তিতে দীর্ঘসূত্রিতা পরিহার করা ।<br>২। কর্মীর পরিবারের অনুদান প্রাপ্তির জন্য আনুষঙ্গিক খরচ কমানো | ১। আর্থিক অনুদান/ ক্ষতিপুরণ/ বকেয়া বেতন সংক্রান্ত সেবা দ্রুততম সময়ে প্রদান করা সম্ভব যাচ্ছে।<br>২। মৃতের পরিবারের অনুদান প্রাপ্তির সংশ্লিষ্ট কাগজপত্রাদি তৈরীতে খরচ ও সময় কমছে।<br>৩। মৃতের পরিবারের ভোগান্তি দূর করা সম্ভব হয়েছে। |
| ০২। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সকল টেন্ডার ক্রয় কার্যক্রম CPTU এর e-GP এর মাধ্যমে প্রক্রিয়াকরণ। | মার্চ ২০১৫ | ডিসেম্বর ২০১৫ (সম্পন্ন) | নূরুন আখতার<br>উপসচিব<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ১। টেন্ডার কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করা ।<br>২। টেন্ডার কার্যক্রম দ্রুত সময়ে সম্পন্ন করা । | ১। টেন্ডার কার্যক্রমে সচ্ছতা নিশ্চিত করা হয়েছে ।<br>২। টেন্ডার জমা দেয়ার জন্য ভোগান্তি লাগব হয়েছে। |
| ০৩। | বিদেশগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্রের রেজিস্ট্রার ডিজিটাইজেশন (১৯৭৬ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত ম্যানুয়েলি প্রদান) | আগাস্ট ২০১৫ | ডিসেম্বর ২০১৫ | জনাব মোঃ নুরুজ্জামান<br>উপসচিব<br>পরিচালক (আইআরপি)<br>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ১। মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত বিদেশ গমণের বৈধতা যাচাই কার্যক্রম সহজ করা ।<br>২। অনুদান প্রদানে জটিলতার দূর করা । | ১। মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে আগের চেয়ে সময় কম লাগছে।<br>২। মৃতের বৈধতার বিষয়ে নিশ্চিত হওয়া যাচ্ছে। |
| ০৪। | প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত ফাইল নিষ্পত্তির পর Payment সংক্রান্ত তথ্যাদি Death module software-এ সংরক্ষণ। | আগস্ট ২০১৫ | ডিসেম্বর ২০১৫ | জনাব মোঃ নুরুজ্জামান<br>উপসচিব<br>পরিচালক (আইআরপি)<br>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের ফাইল নিষ্পত্তির পর Payment সংক্রান্ত তথ্য সংরক্ষণ করার ব্যবস্থা ছিল না।<br>আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত ফাইল নিষ্পত্তির পর Death module software-এ Payment সংক্রান্ত তথ্য সংরক্ষণ করার ফলে অর্থ প্রদানের কার্যক্রমে ডাবল Payment বন্ধসহ স্বচ্ছতা নিশ্চিত হবে। | ১। দ্রুত তথ্য গ্রহণের ফলে আর্থিক অনুদান প্রদানের সময় অনেক কমে গেছে। এতে সময় সাশ্রয় হয়েছে।<br>২। Payment যাচাই এর নামে হয়রানি কমে গেছে। এতে করে মৃতের পরিবারের অর্থ সাশ্রয় হচ্ছে।<br>৩। ডাবল Payment বন্ধ হওয়ায় অনিয়ম ও দূর্নীতি বন্ধ হয়েছে। |
| ০৫ | প্রবাসে মৃত কর্মীর তথ্য বিমানবন্দর থেকে কল্যাণ বোর্ডের ফাইল ওপেনিং সফ্টওয়্যারে সরাসরি এন্ট্রিকরণ। | ১ নভেম্বর ২০১৫ | ৩১ ডিসেম্বর ২০১৫ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান<br>সহকারী পরিচালক<br>প্রবাসী কল্যাণ ডেস্ক<br>হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা<br><br>জনাব জহিরুল ইসলাম<br>সহকারী পরিচালক<br>প্রবাসী কল্যাণ ডেস্ক,<br>শাহআমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম<br><br>জনাব মীর কামরুল ইসলাম<br>সহকারী পরিচালক<br>ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট | ১। মৃতের পরিবারকে আর্থিক অনুদানের জন্য কোন আবেদন করতে হবে না।<br><br>২। একই নথিতে মৃতের পরিবারকে আর্থিক অনুদান/বকেয়া বেতন/ক্ষতিপূরণের অর্থ বিতরণ করা সম্ভব হবে।<br><br>৩। একই ব্যক্তির নামে একাধিক নথি খোলা বন্ধ হবে। | ১। মৃতের পরিবারকে আর্থিক অনুদানের জন্য আবেদন করতে হচ্ছে না।<br><br>২। একই নথিতে মৃতের পরিবারকে আর্থিক অনুদান/বকেয়া বেতন/ক্ষতিপূরণের অর্থ বিতরণ করা সম্ভব হচ্ছে।<br><br>৩। একই ব্যক্তির নামে একাধিক নথি খোলা সম্পূর্ণরূপে বন্ধ হয়েছে। |

-৪২২-

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬। | ফাইল ও তথ্য সমূহ সফট্ওয়ারে সংরক্ষণ। | ১ নভেম্বর ২০১৫ | ৩১ ডিসেম্বর ২০১৫ | জনাব মোঃ নুরুজ্জামান উপসচিব পরিচালক (আইআরপি) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীগণ ফাইল ও অন্যান্য তথ্যসমূহ নিজ নিজ কম্পিউটারে সংরক্ষণ করার ফলে একই তথ্য একাধিক কর্মকর্তা/ কর্মচারীদের কম্পিউটারে সংরক্ষিত হয়।<br><br>বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের সকল কম্পিউটারকে LAN এর মাধ্যমে সংযুক্ত করে Active Directory Server এর মাধ্যমে সকল তথ্য একটি File Server এ সংরক্ষিত করা হবে। উক্ত File Server এ সকলের Access থাকার ফলে তথ্যসমূহ Share এর মাধ্যমে দ্বৈত এন্ট্রি পরিহার করা এবং স্ব-স্ব কম্পিউটারে বসে চিঠিপত্র সংশোধন করা সম্ভব হবে। | ১। ফাইল শেয়ার করার ফলে সময় সাশ্রয় হচ্ছে।<br>২। তথ্য হালনাগাদ থাকায় কাজে গতি এসেছে। |

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

# বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)

স্থাপিত-১৯৮৪

## উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক প্রতিবেদন ২০১৫ এবং উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ ঃ

বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল) বিদেশে জনশক্তি প্রেরণের জন্য একমাত্র সরকারী পাবলিক লিমিটেড কোম্পানি। ১৯৮৪ সনে কোম্পানি আইনের অধিনে বোয়েসেল প্রতিষ্ঠিত হয়েছে। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর নের্তৃত্বে বিভিন্ন মন্ত্রণালয়ের ০৭ (সাত) জন যুগ্ম/অতিরিক্ত সচিবের সমন্বয়ে একটি পরিচালনা বোর্ড কর্তৃক বোয়েসেল পরিচালিত হয়। বোয়েসেল নিজস্ব আয়ে পরিচালিত একটি সরকারি লাভজনক প্রতিষ্ঠান।

- বোয়েসেল প্রতিষ্ঠার উদ্দেশ্য ঃ

বিনা খরচে / স্বল্প খরচে স্বচ্ছতার সাথে সঠিক কাজে সঠিক কর্মীকে বিদেশে প্রেরণ।

- ভিশন ঃ

২০২১ সালের মধ্যে বাংলাদেশের অন্যতম ডিজিটালাইজ্‌ড পদ্ধতিতে বিদেশে কর্মী প্রেরণকারী প্রতিষ্ঠানে উন্নিত করা।

- মিশন ঃ

- ন্যূনতম ব্যয়ে কর্মী প্রেরণ নিশ্চিত করা।
- সঠিক কাজে সঠিক কর্মীকে বিদেশে প্রেরণ।
- নিয়োগকর্তা ও কর্মী উভয়ের মধ্যে সরাসরি সম্পর্ক স্থাপন করা এবং
- আধুনিক ও যুগোপযোগি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কর্মী প্রেরণ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক প্রতিবেদন ২০১৫ঃ

| ক্রমিক নং | গৃহীত কার্যক্রম |
|---|---|
| ১ | EPS এর মাধ্যমে দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণের নিমিত্ত অনলাইনে রেজিস্ট্রেশন এবং অনলাইনে কোরিয়ান ভাষা পরীক্ষা গ্রহণ। |
| ২ | S.M.S এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের সকল তথ্য প্রতিটি ধাপে অবহিত করণ। |
| ৩ | Access control Machine এ বোয়েসেলের কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা গ্রহণ |
| ৪ | বিদেশী ডেলিগেট এবং বোয়েসেলের কর্মকর্তা / কর্মচারীদের জন্য ফ্রি ওয়াই ফাই সংযোগ স্থাপন। |

উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ ঃ

| ক্রমিক নং | প্রস্তাবিত কার্যক্রম |
|---|---|
| ১ | বোয়েসেলের মাধ্যমে বিদেশগামী কর্মীদের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেইজ তৈরী |
| ২ | বায়েসেলের কর্মকর্তা / কর্মচারীদের জন্য ডিজিটাল আর্কাইভ তৈরী করার মাধ্যমে বোয়েসেলের কর্মকর্তা / কর্মচারীদের ব্যক্তিগত প্রোফাইল সংরক্ষণ এবং হালনাগাদকরণ। |

-৪০০-

# উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন ২০১৫

| ক্রমিক নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০১. | নিজ অফিসে সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন | EPS এর মাধ্যমে দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণের নিমিত্ত অনলাইনে রেজিস্ট্রেশন এবং অনলাইনে কোরিয়ান ভাষা পরীক্ষা গ্রহণ। | ০১.১০.২০১১ | ২৫.০৩.২০১৫ (প্রতি বছর হালনাগাদ করা হয়।) | জনাব মোহাম্মদ আলম হোসেন। সহঃমহাব্যবস্থাপক (ডাটাবেইজ) | দক্ষিণ কোরিয়া Employment Permit System (EPS) এর আওতায় একই নিয়ম ও পদ্ধতিতে বাংলাদেশসহ মোট ১৫টি দেশ হতে বিদেশী কর্মী নেয়। দেশগুলি হচ্ছে Bangladesh, Cambodia, Indonesia, Kyrgyzstan, Mongolia, Myanmar, Nepal, Pakistan, Philippine, Sri Lanka, Thailand, Timor-Leste, Uzbekistan, Vietnam এবং China। EPS এর আওতায় বাংলাদেশ হতে কর্মী নিয়োগের লক্ষ্যে ২০০৭ সনে দুই সরকারের মধ্যে একটি Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়। MoU এর শর্তানুযায়ী বাংলাদেশ সরকারের পক্ষে বোয়েসেল এবং দক্ষিণ কোরিয়া সরকারের পক্ষে Human Resources Development Services Ltd. Korea (HRD-Korea) কর্মী নিয়োগ প্রক্রিয়া পরিচালনা করে। ফলে বোয়েসেল ব্যতীত অন্য কোন কোম্পানি/এজেন্সি/ব্যক্তি কোরিয়ায় কর্মী নিয়োগ করতে পারে না। বোয়েসেল ন্যূনতম অভিবাসন ব্যয়ে একটি নিয়ন্ত্রিত প্রক্রিয়ার মাধ্যমে ২০০৮ সাল হতে দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণ করছে এবং ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ১৩,৯৫৭ জন কর্মী দক্ষিণ কোরিয়ায় চাকুরি নিয়ে গমণ করেছেন। ২০০৮ থেকে ২০০৯ সাল পর্যন্ত কোরিয়া গমনে ইচ্ছুক কর্মীদের আবেদন Manually গ্রহণ করা হতো এবং Manually কোরিয়ান ভাষা পরীক্ষা নেয়া হতো।<br><br>কিন্তু সময়, অর্থ এবং শ্রমের সাশ্রয়ের জন্য এবং কোরিয়ান ভাষা পরীক্ষার স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করণের লক্ষ্যে ২০১১ সাল হতে কোরিয়ান ভাষা পরীক্ষার আবেদনপত্র অনলাইনে গ্রহণের জন্য বোয়েসেল কর্তৃক একটি অনলাইন রেজিস্ট্রেশন সফটওয়্যার তৈরী ও ব্যবহার করা হচ্ছে। | ফলে ২০১১ সাল হতে অনলাইনে বিশ্বের যে কোন স্থান হতে কোরিয়াগামী আগ্রহী প্রার্থী নির্দিষ্ট সময়ে বোয়েসেলের ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে পারে এবং প্রার্থীগণ প্রবাসী কল্যাণ ভবনে স্থাপিত কোরিয়ান ভাষা পরীক্ষাকেন্দ্রে অনলাইনে কম্পিউটার বেইজড টেস্ট দিয়ে থাকে।<br><br>কোরিয়ান ভাষা পরীক্ষার জন্য অনলাইনে রেজিস্ট্রেশন এবং অনলাইনে পরীক্ষা গ্রহণের ফলে প্রার্থীদের ও পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের সময়, অর্থ ও শ্রমের সাশ্রয় হয়েছে। অপরদিকে পরীক্ষার স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত হয়েছে। |

-৮৮-

# উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন ২০১৫

| ক্রমিক নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০২. | ই সেবা কার্যক্রম | S.M.S এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের সকল তথ্য প্রতিটি ধাপে অবহিত করণ। | ০১.০৭.২০১৫ | ৩০.১২.২০১৫ (চলমান) | জনাব মোহাম্মদ আলম হোসেন। সহঃমহাব্যবস্থাপক (ডাটাবেইজ) | বোয়েসেল এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের জন্য প্রয়োজনীয় সকল তথ্য যথাযথ ভাবে কর্মীর নিকট প্রেরণের লক্ষ্যে বোয়েসেল কর্তৃক একটি S.M.S গেটওয়ে স্থাপন করা হয়েছে। ইতঃপূর্বে ফোনের মাধ্যমে এবং পত্র দিয়ে কর্মীর সাথে যোগাযোগ করা হতো যাহা সময় সাপেক্ষ, ব্যয়বহুল এবং সঠিক সময়ে প্রয়োজনীয় তথ্য কাঙ্খিত কর্মীর নিকট পৌছানোর নিশ্চয়তা কম ছিল। কর্মী নির্বাচন, কর্মীর স্বাস্থ্য পরীক্ষা, পাসপোর্ট এবং অন্যান্য ডকুমেন্টস্ জমা, শ্রম চুক্তি স্বাক্ষর, প্রয়োজনীয় প্রশিক্ষণ, ভিসা এবং পাসপোর্ট বিতরণ, ব্রিফিং ইত্যাদি বিষয়ে কর্মীর মোবাইল নম্বরে এবং কর্মীকে না পাওয়া গেলে তার নিকট আত্নীয়ের মোবাইল নম্বরে সরাসরি বিভিন্ন ধাপে এস.এম.এস এর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা ও তথ্যাদি দ্রুত প্রেরণ করা হচ্ছে। | S.M.S গেটওয়ে স্থাপন করার ফলে খুব দ্রুততার সহিত কাঙ্খিত কর্মীর নিকট প্রয়োজনীয় সকল তথ্য প্রদানে বোয়েসেল সক্ষমতা অর্জন করেছে যার ফলশ্রুতিতে প্রয়োজনীয় তথ্য অতি অল্প সময়ে, স্বল্প খরচে সরাসরি প্রার্থীর নিকট প্রেরণ সম্ভব হচ্ছে। এতে বোয়েসেল এর সেবার মানও উন্নত হয়েছে। |

## উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন ২০১৫

| ক্রমিক নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০৩. | নিজ অফিসে সেবা সহজীকরণ | Access control Machine এ বোয়েসেলের কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা গ্রহণ। | ০১.০১.২০১০ | ৩০.১২.২০১৫ (চলমান) | জনাব মোঃ আব্দুল হান্নান (অতিরিক্ত সচিব) ব্যবস্থাপনা পরিচালক | সম্পূর্ণ Digital Access control Machine এর মাধ্যমে অফিসে আগমন ও প্রস্থান এর সময় রেকর্ড করা হচ্ছে। ইতঃপূর্বে Attendance খাতায় স্বাক্ষর নেওয়া হতো ফলে সকল কর্মকর্তা ও কর্মচারীর অফিসে যথাসময়ে উপস্থিতি এবং ছুটির পূর্বে অফিস ত্যাগ না করার ক্ষেত্রে সুনির্ধারিত কোন নিয়ন্ত্রণের ব্যবস্থা ছিল না। Digital Access control Machine স্থাপনের ফলে কর্মকর্তা / কর্মচারিদের অফিসে যথাসময়ে উপস্তিতি এবং অফিস ত্যাগ নিশ্চিত করা হয়েছে। | Digital Access control Machine স্থাপনের মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারীর যথাসময়ে অফিসে উপস্থিতি এবং ছুটির পূর্বে অফিস ত্যাগ না করা নিশ্চিত করা হয়েছে। প্রতিদিনের ডাটা সংরক্ষন করা হয়। ডাটার ভিত্তিতে ওভার টাইম পরিশোধ করা হয়। ফলে সঠিকভাবে ওভারটাইম নির্ধারন করা যাচ্ছে এবং জবাবদিহিতা নিশ্চিত হয়েছে। |

## উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন ২০১৫

| ক্রমিক নং | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০৪. | নিজ অফিসে সেবা সহজীকরণ | বিদেশী ডেলিগেট এবং বোয়েসেলের কর্মকর্তা / কর্মচারীদের জন্য ফ্রি ওয়াইফাই সংযোগ স্থাপন। | ১৫.০৮.২০১৫ | ৩০.১২.২০১৫ (চলমান) | জনাব মোহাম্মদ আলম হোসেন। সহঃমহাব্যবস্থাপক (ডাটাবেইজ ) | বিদেশী ডেলিগেটগণ এবং বোয়েসেলের সকল কর্মকর্তা/কর্মচারী তাদের মোবাইল/ল্যাপটপ ইত্যাদিতে খুব সহজে দ্রূতিগতির ইন্টারনেট এর ব্যবহার নিশ্চিত করার জন্য বোয়েসেল অফিসে ওয়াই ফাই স্থাপন করা হয়েছে । ইতঃপূর্বে ক্যাবলের মাধ্যমে ইন্টারনেট সংযোগ এর ব্যবস্থা ছিল ফলে ঐ নির্দিষ্ট ব্যক্তি ব্যতিত অন্য কেউ ইন্টারনেট ব্যবহার করতে পারতো না এবং ক্যাবল সংযোগে কোন প্রকার ত্রুটি দেখা দিলে ইন্টারনেট সেবা বিঘ্নিত হতো এবং ইন্টারনেট নির্ভর সকল কার্যক্রম বন্ধ থাকতো। | ওয়াই ফাই স্থাপনের মাধ্যমে বোয়েসেলের অবস্থিত ফ্লোরে যে কোন স্থান থেকে যে কেউ, যে কোন ডিভাইসে ইন্টারনেট ব্যবহার করতে পারে। ফলে সকল কাজ সঠিক সময়ে নিরবিচ্ছিন্নভাবে সম্পাদন করা যাচ্ছে। |

ইনোভেশন কর্মকর্তার নাম ঃ মোহাম্মদ আলম হোসেন
পদবী ঃ সহকারী মহাব্যবস্থাপক (ডাটাবেইজ)
স্বাক্ষর ঃ AlamHossain
তারিখ ঃ 11-01-2016
(সীল) Mohammad Alam Hossain
Assist. General Manager (Database)
Bangladesh Overseas Employment
& Services Limited (BOESL)

মো ঃ জহিরুল ইসলাম
(যুগ্ম সচিব)
মহাব্যবস্থাপক
(বোয়েসেল)

# প্রবাসী কল্যাণ ব্যাংক
## বিবেচ্য সাল-২০১৫

| ক্রঃ নং- | বিষয় | প্রস্তাবিত বিষয়(গৃহিত কাজের নাম) | বাস্তবায়ন কাল | | দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১. | ইনোভেশন টীম গঠন | ব্যাংকের ইনোভেশন টীম গঠনের জন্য কর্মকর্তাদের নাম আহবান। | ১লা ফেব্রুয়ারী, ২০১৫ | ১০ই ফেব্রুয়ারী,২০১৫ | জনাব গাজী মোহাম্মদ জুলহাস (অতিরিক্ত সচিব) | ইনোভেশন টীম গঠনের জন্য কর্মকর্তাদের নাম আহবান ও যাচাই-বাছাই। | ইনোভেশন টীম গঠনের জন্য কর্মকর্তাদের নাম বাছাই সংক্রান্ত দলিল। |
| ২. | ইনোভেশন টীম চুড়ান্তকরণ | ব্যাংকের ইনোভেশন টীম গঠনের জন্য কর্মকর্তাদের বাছাইয়ের জন্য কমিটি গঠন। | ১৫ ই ফেব্রুয়ারী, ২০১৫ | ২৫শে ফেব্রুয়ারী, ২০১৫ | জনাব গাজী মোহাম্মদ জুলহাস (অতিরিক্ত সচিব) | ব্যাংকের ইনোভেশন টীম গঠনের জন্য কর্মকর্তাদের বাছাই পুর্বক কমিটির সুপারিশক্রমে অফিস আদেশ প্রকাশ। | প্রকাশিত অফিস আদেশ । |
| ৩. | অভ্যন্তরীণ সেবায় ইনোভেশন (অনলাইনে ঋণ নথি প্রক্রিয়াকরণ) | সেবা গ্রহিতাদের সংখ্যা বিবেচনা করে ২ টি গুরুত্বপূর্ণ সেবা চিহ্নিতকরণ। | ২০ই মার্চ ২০১৫ | ০৫ ই এপ্রিল ২০১৫ | জনাব মোঃ আবু সাঈদ (ইনোভেশন অফিসার) | ২ টি গুরুত্বপূর্ণ সেবা চিহ্নিতকরণ এর জন্য ইনোভেশন টীমের সভা আহবান ও অগ্রাধিকার ভিত্তিতে ০২ টি সেবা খাত চিহ্নিত।। | সভার কার্যবিবরণী সংক্রান্ত দলিল। |
| ৪. | | চিহ্নিত সেবার ১ম টির প্রাথমিক কার্যক্রম শুরু। | ২০ শে এপ্রিল,২০১৫ | ৩০ শে এপ্রিল,২০১৫ | জনাব মোঃ এনামূল হক, সিনিয়র প্রোগ্রামার | শাখা পর্যায় থেকে অনলাইনে ঋণ নথি প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ। | সংশ্লিষ্ট বিষয়ের দলিলাদি। |
| ৫. | | অনলাইনে ঋণ নথি প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্লাটফর্ম তৈরী। | ১০ ই মে,২০১৫ | ৩০ শে মে, ২০১৫ | জনাব মোঃ এনামূল হক, সিনিয়র প্রোগ্রামার | বিভাগীয় শাখা থেকে অনলাইনে ঋণ নথি প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রাথমিকভাবে প্রেরণ। | নথি প্রেরণের ই-মেইল লিংক। |
| ৬. | | সকল শাখা হতে অনলাইনে ঋণ নথি প্রধান কার্যালয়ে প্রাপ্তি সাপেক্ষে চুড়ান্ত অনুমোদন প্রদান। | ১লা জুন, ২০১৫ | ১৫ ই জুন, ২০১৫ | জনাব মোঃ মাসুদুর রহমান, ঋণ ও অগ্রীম বিভাগ | সকল শাখা হতে অনলাইনে ঋণ নথি প্রধান কার্যালয়ে প্রাপ্তি সাপেক্ষে অনুমোদন পূর্বক মঞ্জুরীপত্র শাখায় প্রেরণ। | সংশ্লিষ্ট বিষয়ের দলিলাদি। |
| ৭. | | ইনোভেশন টীমের সভা আহবান ইনোভেশন আইডিয়ার প্রস্তাব যাচাই-বাছাই। | ২০শে জুন, ২০১৫ | ৩০শে জুন,২০১৫ | জনাব গাজী মোহাম্মদ জুলহাস (অতিরিক্ত সচিব) | ইনোভেশন আইডিয়ার প্রস্তাব যাচাই-বাছাই পূর্বক ০২ টি আইডিয়া চুড়ান্তকরণ। | সংশ্লিষ্ট বিষয়ের দলিলাদি। |
| ৮ | | ইনোভেশন আইডিয়ার গৃহিত প্রস্তাবের রুপকল্প প্রনয়ণ। | ১০ ই জুলাই,২০১৫ | ২০শে জুলাই,২০১৫ | জনাব মোঃ এনামূল হক, সিনিয়র প্রোগ্রামার | ইনোভেশন আইডিয়ার গৃহিত প্রস্তাবের রুপকল্প চূড়ান্ত। | সংশ্লিষ্ট বিষয়ের দলিলাদি। |

-৪০৭-

প্রবাসী কল্যাণ ব্যাংক
বিবেচ্য সাল-২০১৫

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৯ | ব্যাংকের সেবা সহজীকরণের জন্য ইনোভেশন আইডিয়া প্রকল্প গ্রহণ। | প্রস্তাবিত ইনোভেশন আইডিয়ার বাজেট প্রনয়ণ ও প্রাক্কালিত ব্যয় নির্ধারণ। | ০৫ই আগষ্ট, ২০১৫ | ১০ই আগষ্ট,২০১৫ | জনাব মোঃ এনামূল হক, সিনিয়র প্রোগ্রামার | ইনোভেশন আইডিয়ার বাজেট প্রনয়ণ ও প্রাক্কালিত ব্যয় নির্ধারণ সম্পর্কে ইনোভেশন টীমের সভা অনুষ্ঠিত ও বাজেটের প্রাথমিক অনুমোদন। | সভার কার্যবিবরণী সংক্রান্ত দলিল। |
| ১০ | | প্রস্তাবিত ইনোভেশন আইডিয়ার দুইটির SWAT analysis প্রস্তুতকরণ। | ১৮ই আগষ্ট,২০১৫ | ২৫শে আগষ্ট, ২০১৫ | জনাব মোঃ আবু সাঈদ, ইনোভেশন অফিসার | SWAT analysis প্রস্তুতকরণ এর মাধ্যমে ইনোভেশন আইডিয়া সমূহের সুবিধা অসুবিধা পর্যালোচনা করা ও অনুষ্ঠিত ইনোভেশন টীমের সভায় তা উপস্থাপন করে প্রয়োজনীয় সংশোধন আনা। | ইনোভেশন আইডিয়ার সংশোধন সংক্রান্ত দলিল। |
| ১১ | | অর্থ মন্ত্রণালয় ও প্রবাসী কল্যান মন্ত্রণালয়ে অভিবাসন ঋণ অটোমেশন ও ঋণ আদায় অ্যাপস সংক্রান্ত ইনোভেশন আইডিয়ার ধারণা ইনোভেশন টীমের সভায় উপস্থাপন। | ০৫ই সেপ্টেম্বর, ২০১৫ | ২০শে অক্টোবর, ২০১৫ | জনাব গাজী মোহাম্মদ জুলহাস (অতিরিক্ত সচিব) | অর্থ মন্ত্রণালয় ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অভিবাসন ঋণ অটোমেশন ও ঋণ আদায় অ্যাপস সংক্রান্ত ইনোভেশন আইডিয়ার প্রস্তাব প্রাথমিক অনুমোদন। | সংশ্লিষ্ট বিষয়ে প্রেরিত পত্র। |
| ১২ | অভিবাসন ঋণ অটোমেশন ও ঋণ আদায় অ্যাপস সংক্রান্ত ইনোভেশন আইডিয়ার প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ। | অভিবাসন ঋণ অটোমেশন ও ঋণ আদায় অ্যাপস সংক্রান্ত ইনোভেশন আইডিয়ার ধারণা চূড়ান্ত অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন। | ০৫ ই নভেম্বর, ২০১৫ | ১০ ই নভেম্বর, ২০১৫ | জনাব মোঃ এনামূল হক, সিনিয়র প্রোগ্রামার | ব্যাংকের ইনোভেশন টীমের সভায় প্রস্তুতকৃত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন চূড়ান্ত করে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে উপস্থাপন যা যাচাই-বাছাই শেষে প্রয়োজনীয় নির্দেশনা অনুসারে সংশোধন করে উপস্থাপন। | সংশোধিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন। |
| ১৩ | | অভিবাসন ঋণ অটোমেশন ও ঋণ আদায় অ্যাপস সংক্রান্ত ইনোভেশন আইডিয়ার বাস্তবায়নের প্রাথমিক পদক্ষেপ গ্রহণ। | ২৫শে নভেম্বর, ২০১৫ | ১০ই ডিসেম্বর, ২০১৫ | জনাব মোঃ আবু সাঈদ, ইনোভেশন অফিসার | ইনোভেশন আইডিয়া বাস্তবায়নে প্রকল্পের রূপরেখা চূড়ান্তকরণ ও সম্ভাব্য ব্যয় ও সময় নিরুপণ পূর্বক বাস্তবায়নের প্রকল্প গ্রহণ। | সংশ্লিষ্ট বিষয়ের দলিলাদি। |

-৪২৯-

-৪২৯-

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় উদ্ভাবনী ও অনলাইন সেবার বাৎসরিক সেবা ২০১৫ এর প্রতিবেদন

| ক্রমিক নং | বিষয় | বিষয় | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না) |
|---|---|---|---|---|---|
| ১ | ই-সেবা কার্যক্রম | সম্ভাব্য সিআইপিগণ থেকে online-এর মাধ্যমে আবেদন গ্রহণ | (১) জনাব কালাচাঁদ সরকার, সহকারি সচিব, কল্যাণ শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>(২) জনাব সওগাত হোসেন, আইটি কনসালট্যান্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে (১) বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনাবাসি বাংলাদেশি, (২) বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসি বাংলাদেশি ও (৩) বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক অনাবাসি বাংলাদেশি-এ ৩টি শ্রেণীবিন্যাসে সিআইপি (এনআরবি) নির্বাচন করা হয়।<br>আবেদনকারীগণ স্ব স্ব স্থান থেকে online-এর মাধ্যমে আবেদন করতে পারবেন। এতে সময় ও অর্থ উভই সাশ্রয় হবে। | পরীক্ষামূলকভাবে শুরু হয়েছে। যা পরবর্তী সিআইপি নির্বাচনে online-এর মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে। |
| ২ | ই-সেবা কার্যক্রম | বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন সংক্রান্ত আইন, বিধি ও নীতি সহজে প্রাপ্তির জন্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সন্নিবেশ | (১) জনাব মোঃ জাকির হোসেন, সিনিয়র সহকারি সচিব, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(২) জনাব সওগাত হোসেন, আইটি কনসালট্যান্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক আইন, বিধি ও নীতিমালা বিদেশ গমনকারী রিক্রুটিং এজেন্সি এবং সংশ্লিষ্ট অংশিজনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট সহজপ্রাপ্য করা। এ সকল ডকুমেন্ট সহজ প্রাপ্তির ফলে অভিবাসন ও বৈদেশিক কর্মসংস্থান সংশ্লিষ্ট সেবা গ্রহণকারীসহ অন্যান্য অংশিজনদের সুনির্দিষ্ট বিষয়ে সেবাপ্রাপ্তিতে সময় ও অর্থের সাশ্রয় হয়। | অভিবাসন ও বৈদেশিক কর্মসংস্থান সংশ্লিষ্ট সেবা গ্রহণকারীসহ অন্যান্য অংশিজনদের তথ্য ও সেবা প্রাপ্তি সহজ হয়েছে। |

-৪২০-

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | ই-সেবা কার্যক্রম | কর্মসংস্থান ও রেমিট্যান্স বিষয়ক পরিসংখ্যান | (১) জনাব মোঃ জাকির হোসেন, সিনিয়র সহকারি সচিব, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(২) জনাব সওগাত হোসেন, আইটি কনসালট্যান্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | কর্মসংস্থান ও রেমিট্যান্স বিষয়ক পরিসংখ্যান এর সহজ প্রাপ্তিতে নীতি নির্ধারক, গবেষক ও অংশিজনসহ শ্রমবাজার ও অভিবাসন বিষয়ে সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার কর্মীগণ সহজেই হালনাগাদ তথ্য পাচ্ছেন। ফলে এ সংক্রান্ত সেবা গ্রহীতার অর্থ, সময় ও ভিজিট হ্রাস পাচ্ছে | কর্মসংস্থান ও রেমিট্যান্স বিষয়ক পরিসংখ্যান সেবা প্রাপ্তি সহজ হয়েছে। |
| ৪ | ই-সেবা কার্যক্রম | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের শ্রম উইং এবং দেশের রিক্রুটিং এজেন্সিসমূহের তথ্য সরবরাহ | (১) জনাব মোঃ হোসেন সরকার, সিনিয়র সহকারি সচিব, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২) জনাব সওগাত হোসেন, আইটি কনসালট্যান্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | বিদেশগামী কর্মীগণ রিক্রুটিং এজেন্সি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য এবং যে দেশে যাবে সে দেশের বাংলাদেম মিশনের শ্রম উইং সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যাদি জেনে বুঝে যেতে পারছে। ফলে তাদের প্রয়োজনীয় সেবা প্রাপ্তি সহজ হয়েছে। | বিদেশগামী কর্মীগণ রিক্রুটিং এজেন্সি সম্পর্কে এবং যে দেশে যাবে সে দেশের বাংলাদেশ মিশনের শ্রম উইং সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যাদি জেনে বুঝে যেতে পারছে বিধায় তাদের তাৎক্ষনিক ও পরবর্তী প্রয়োজনীয় সেবা প্রাপ্তি সহজ হয়েছে। |